



৪। বিশ্বাসের গ্রহণযোগ্য বিবৃতি

২০। মন্ডলীর সদস্যপদ পাওয়া মানুষের অধিকার এবং সুযোগ, বা তাদের পুনজন্ম হওয়ার সত্ত্বের উপর নির্ভর করে তা জেনে আমাদের ক্ষেত্রমাত্র এইরূপ বিশ্বাসের স্বীকারোক্তি চাওয়া হয় যেমন খ্রীষ্টিয় অভিজ্ঞতায় প্রয়োজন হয়। কাজেই নিম্নলিখিত সংক্ষিপ্ত বিবৃতিগুলি যথেষ্ট। আমরা বিশ্বাস করিঃ

২০.১। এক ঈশ্঵রে—পিতা, পুত্র, এবং পবিত্র আত্মায়।

২০.২। পুরাতন এবং নতুন নিয়ম শাস্ত্রগুলি, সম্পূর্ণটা প্রেরনার দ্বারা দেওয়া হয়েছে, বিশ্বাস এবং খ্রীষ্টিয় জীবনযাপন করতে প্রয়োজনীয় সমস্ত সত্য ধারণ করে।

২০.৩। মানুষ পাপস্থভাব নিয়ে জন্মায়, এবং, সেজন্য মন্দের দিকে ঝোঁকে, আর তা অনবরত চালিয়ে যায়।

২০.৪। শেষপর্যন্ত অনুত্তাপবিহীন ব্যক্তিরা আশাহীনভাবে এবং

অনন্তকাল ধরে হারিয়ে যায়।

২০.৫। যীশু খ্রীষ্টের মাধ্যমে প্রায়শিক্তি সমগ্র মানবজাতির জন্য; এবং যে কেউ অনুত্তপ করে আর প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস করে সে ধার্মিক গণিত হয় এবং নতুন জন্ম লাভ করে আর পাপের দাসত্ব থেকে মুক্ত হয়।

২০.৬। প্রভু যীশু খ্রীষ্টের বিশ্বাসের মাধ্যমে বিশ্বাসীদের সম্পূর্ণরূপে পবিত্র হতে হবে, যা পরবর্তীতে নতুন জন্ম হয়।

২০.৭। পবিত্র আত্মা নতুন জন্মের, এবং বিশ্বাসীদের সমস্ত পবিত্রতার উপরেও সাক্ষ্য বহন করে।

২০.৮। আমাদের প্রভু ফিরে আসবেন, মৃতরা জীবিত হবে, এবং শেষ বিচার হবে।